যুগান্তর

তারিখ 12 SEP 2013
পৃষ্ঠা ২ কলাম ৫

বিশ্বের সেরা সাতশ' বিশ্ববিদ্যালয়ের তালিকায় নেই বাংলাদেশ

যুগান্তর রিপোর্ট

বিশ্বের সেরা সাতশ' বিশ্ববিদ্যালয়ের তালিকায় বাংলাদেশের কোনো বিশ্ববিদ্যালয়ের নাম ঠাঁই হয়নি। তবে ঢাকা বিশ্ববিদ্যালয় এশিয়ার সেরা ৩শ' বিশ্ববিদ্যালয়ের তালিকায় জায়গা করে নিয়েছে। সম্প্রতি প্রকাশিত 'কিউএস ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাংকিং' এর বিশ্ব তালিকায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থান ৭০১তম আর এশিয়ার ৩শ' বিশ্ববিদ্যালয়ের তালিকায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থান ২৪৩ নম্বরে। এছাড়া ভারতের কোনো বিশ্ববিদ্যালয় বিশ্বের সেরা দুশটি বিশ্ববিদ্যালয়ের তালিকায় স্থান পায়নি। তালিকায় এশিয়ার সেরা বিশ্ববিদ্যালয় হিসেবে স্থান করে নিয়েছে হংকং ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি। এর পর তালিকায় ঠাঁই পেয়েছে চীন, জাপান এবং কোরিয়ার কয়েকটি বিশ্ববিদ্যালয়। এশিয়ার তিনশটি বিশ্ববিদ্যালয়ের তালিকায় শ্রীলংকার একটি, পাকিস্তানের ৭টি, ভারত, থাইল্যান্ড ও ইন্দোনেশিয়ার ১১টি করে, মালয়েশিয়ার ১৮টি এবং তাইওয়ানের ২৯টি বিশ্ববিদ্যালয়ের নাম রয়েছে। এশিয়ার তালিকায় ৭৫ বিশ্ববিদ্যালয়ের নাম নিয়ে শীর্ষে রয়েছে চীন। বিশ্ব তালিকার শীর্ষে রয়েছে আমেরিকার ম্যাসাচুসেটস ইন্সটিটিউট অব টেকনোলজি (এমআইটি) এবং হার্ভার্ড বিশ্ববিদ্যালয়। তৃতীয় স্থানে রয়েছে ব্রিটেনের ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয়। বিশ্বের সেরা ২০টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে ব্রিটেনের ৬টি বিশ্ববিদ্যালয়ের নাম থাকায় তারা তাদের সামগ্রিক সুনাম বজায় রাখতে পেরেছে। শিক্ষাপ্রতিষ্ঠানের পড়ালেখার সুনাম, শিক্ষক ও কর্মচারীদের সুনাম, ছাত্রছাত্রীর সংখ্যা, গবেষণা রিপোর্ট, আন্তর্জাতিক বিভাগ, বিদেশী ছাত্রছাত্রীর সংখ্যা, পাঠদানের জন্য বিষয় ও পেশার সংখ্যা, আন্তঃশ্রেণি ও আন্তর্জাতিক এক্সচেঞ্জ প্রোগ্রাম এ রকম নয়টি মানদণ্ডের ভিত্তিতে 'কিউএস ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাংকিং' তৈরি করে আসছে ২০০৯ সাল থেকে।